



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/25/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

চলমান COVID-19 বিশ্বব্যাপী মহামারির মধ্যে, গভর্নর কুওমো সব প্রথম প্রতিক্রিকারী, স্বাস্থ্য পরিচর্যা কর্মী এবং অপরিহার্য কর্মচারীদের অন্তর্ভুক্ত করার জন্য রোগ নির্ণায়ক পরীক্ষার মানদণ্ড প্রসারিত করার ঘোষণা করেন

এক্সিকিউটিভ অর্ডার জারি করেন যা ফার্মাসিস্টদের COVID-19 রোগ নির্ণায়ক পরীক্ষা পরিচালনা করতে অনুমতি দেয়

চারটি নিউইয়র্ক সিটি হাসপাতাল ও হেলথ কেয়ার সিস্টেমে ফ্রন্টলাইন হেলথ কেয়ার কর্মীদের জন্য অ্যান্টিবডি পরীক্ষা পরিচালনা করছে রাজ্য

আগামী সপ্তাহ থেকে শুরু করে প্রথম প্রতিক্রিয়াকারী ও পরিবহণ কর্মীদের জন্য অ্যান্টিবডি পরীক্ষা চালাবে রাজ্য

নিউ ইয়র্ক স্টেটে আরো 10,553 জন করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা স্টেটব্যাপী 57 কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 282,143-তে নিয়ে আসে

চলমান COVID-19 বিশ্বব্যাপী মহামারির মধ্যে গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে, আরো বেশি ফ্রন্টলাইন নিউ ইয়র্কের কর্মীদের অন্তর্ভুক্ত করার জন্য নির্ণায়ক পরীক্ষার মানদণ্ড সম্প্রসারিত করা হচ্ছে - যা দ্রুত নির্ণায়ক পরীক্ষার ক্ষমতা বাড়ানোর সরাসরি ফলাফল। সম্প্রসারিত মানদণ্ড এখন সব প্রথম প্রতিক্রিয়াকারী, স্বাস্থ্য পরিচর্যা কর্মী এবং অপরিহার্য কর্মচারীদের COVID-19 এর জন্য পরীক্ষা করার অনুমোদন দেবে এমনকি যদি তারা উপসর্গ প্রদর্শন নাও করে। পরীক্ষার ক্ষমতা বাড়ার সাথে সাথে পরীক্ষার মানদণ্ড প্রসারিত করতে থাকবে রাজ্য।

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে তিনি একটি নির্বাহী আদেশ জারি করবেন যাতে ফার্মাসিস্টরা COVID-19 এর জন্য নির্ণায়ক পরীক্ষা পরিচালনা করতে পারেন। এই কাজটি COVID-19 পরীক্ষার অবস্থান হিসাবে 5,000 ফার্মেসির এক নেটওয়ার্ক উন্মুক্ত করবে এবং পরীক্ষাগারের ক্ষমতা পূরণের জন্য রাজ্য একটি সংগ্রহের নেটওয়ার্ক নির্মাণ করবে সামগ্রিক পরীক্ষা ক্ষমতা বৃদ্ধি করতে সাহায্য করবে।

গভর্নর আরও ঘোষণা করেন, ফ্রন্টলাইন হেলথ কেয়ার কর্মীদের জন্য অ্যান্টিবডি পরীক্ষা চালিয়ে যাচ্ছে রাজ্য, নিউ ইয়র্ক শহরের চারটি হাসপাতাল ও স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থা সহ। অ্যান্টিবডি পরীক্ষা করা হবে বেলভিউ হাসপাতাল (Bellevue Hospital), এমহাস্ট হসপিটাল সেন্টার (Elmhurst Hospital Center), মন্টেফিওর মেডিকেল সেন্টার (Montefiore Medical Center) এবং স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক ডাউনস্টেট মেডিক্যাল সেন্টারে (SUNY Downstate Medical Center) যা বর্তমানে কেবল COVID-19 রোগীদের জন্য ব্যবহৃত হচ্ছে। উপরন্তু, আগামী সপ্তাহ থেকে শুরু করে প্রথম প্রতিক্রিয়াকারী ও পরিবহণ কর্মীদের জন্য, MTA কর্মী এবং পরিবহণ কর্মী, নিউইয়র্ক স্টেট পুলিশ এবং নিউইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট সহ, রাজ্য NG অ্যান্টিবডি পরীক্ষা করা শুরু করবে।

"আমরা জানি যে, পরীক্ষা করা অর্থনীতি পুনরায় খোলার একটি এবং একটি নতুন স্বাভাবিকে ফিরে আসার এক গুরুত্বপূর্ণ উপাদান, এবং নিউ ইয়র্ক স্টেট ইতিমধ্যেই যে কোনো রাজ্য বা দেশের চেয়ে মাথা পিছু বেশি পরীক্ষা করছে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা ফেডারাল সরকারের সাথে কাজ করছি ল্যাবের সক্ষমতা বাড়ানোর জন্য যা এই ডায়াগনস্টিক পরীক্ষাগুলির প্রক্রিয়াকরণ করে, এবং এখন আমাদের আরও সংগ্রহের সাইট প্রয়োজন যখন আমরা রাজ্য জুড়ে আমাদের পরীক্ষা পরিচালনা করা বাড়িয়ে যাওয়া অব্যাহত রেখেছি। আমি একটি নির্বাহী আদেশ জারি করছি যা আমাদের রাজ্যের 5,000টি ফার্মেসিকে COVID-19 এর জন্য ডায়াগনস্টিক টেস্টিং পরিচালনা করতে অনুমোদন দেবে, যা আমাদের পরীক্ষার সক্ষমতা ব্যাপকভাবে বৃদ্ধি করবে এবং এই সঙ্কটের সম্পূর্ণ সময় জনসাধারণের সাথে কাজ ও আলাপচারিতা করেন যে ফ্রন্টলাইন কর্মী এবং অপরিহার্য কর্মীরা, তাদের জন্য এই পরীক্ষাগুলির যোগ্যতা প্রসারিত করতে দেবে।"

পরিশেষে, গভর্নর আরও 10,553 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 282,143-তে নিয়ে এসেছে। মোট 282,143 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	899	94
Allegany	35	4
Broome	251	19
Cattaraugus	45	6
Cayuga	47	8
Chautauqua	27	0
Chemung	103	24
Chenango	91	7
Clinton	54	1
Columbia	140	11
Cortland	28	3

Delaware	58	7
Dutchess	2,660	143
Erie	2,773	170
Essex	24	2
Franklin	14	1
Fulton	61	32
Genesee	141	14
Greene	107	17
Hamilton	3	0
Herkimer	56	0
Jefferson	59	1
Lewis	9	0
Livingston	58	14
Madison	121	15
Monroe	1,285	86
Montgomery	46	7
Nassau	33,798	1,033
Niagara	344	12
NYC	155,113	4,640
Oneida	364	41
Onondaga	664	25
Ontario	82	9
Orange	7,973	818
Orleans	75	15
Oswego	57	6
Otsego	60	10
Putnam	885	266
Rensselaer	221	23
Rockland	11,091	1,000
Saratoga	320	42
Schenectady	431	134
Schoharie	33	12
Schuyler	7	0
Seneca	36	18
St. Lawrence	156	12
Steuben	204	33
Suffolk	31,368	762
Sullivan	689	61

Tioga	71	31
Tompkins	126	5
Ulster	1,166	190
Warren	132	10
Washington	113	30
Wayne	65	12
Westchester	27,231	598
Wyoming	57	14
Yates	16	5

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)